

বাড়িতে থাকা সীসামিশ্রিত পেইন্টের ঝুঁকি

ভাড়াটেকদের অধিকার এবং দায়িত্ব
সম্বন্ধে তাদের যা জানা উচিত





সীসার পেইন্ট সম্বন্ধে আপনার যা জেনে রাখা উচিত

সীসা হল একটি বিষ এবং প্রায়ই পুরানো পেইন্টে পাওয়া যায়। সীসার পেইন্ট যা ধুলোয় পরিণত হয় শৈশবকালে সীসার বিষক্রিয়ার সবচেয়ে সাধারণ কারণ। সীসার বিষক্রিয়া শিশুদের শিক্ষাগত এবং আচরণগত সমস্যার কারণ হতে পারে। নিউ ইয়র্ক শহরের (NYC) আবাসিক বিল্ডিংগুলিতে সীসার পেইন্টের ব্যবহার 1960 সালে নিষিদ্ধ করে দেওয়া হয়েছে। 1960 সালের আগে তৈরি বিল্ডিংগুলির দেওয়াল, জানলা, জানলার ধার, দরজা এবং অন্যান্য পৃষ্ঠতলে এখনও সীসার পেইন্ট আছে।

যদি পেইন্ট খসে পড়তে শুরু করে অথবা বাড়ির মেরামতি অসুরক্ষিতভাবে করা হয়, সীসার পেইন্ট এবং ধুলো আপনার বাড়ির চারপাশে ছড়িয়ে পড়বে। যখন বাচ্চারা তাদের হাত ও খেলনা মুখে দেয়, তারা সীসার ধুলো গিলে ফেলতে পারে।

শিশুদের সীসার বিষক্রিয়া থেকে সুরক্ষিত করার ক্ষেত্রে সাহায্য করার জন্য NYC-তে আইন এবং পরিষেবা আছে। 2004 সালের স্থানীয় আইন 1 অনুযায়ী বাড়ির মালিকদের 6 বছরের কম বয়সী শিশু আছে এমন অ্যাপার্টমেন্টগুলিতে সীসার পেইন্টের ঝুঁকি শনাক্ত করতে হবে এবং সেই সমস্যার সমাধান করতে হবে। এই আইনটি প্রযোজ্য হয় যদি বিল্ডিংটিতে তিনটি বা তার বেশি অ্যাপার্টমেন্ট থাকে এবং বিল্ডিংটি 1960 সালের আগে তৈরি হয়েছে (অথবা 1960 থেকে 1978 সালের মধ্যে তৈরী হয়ে থাকে যদি মালিক জানে যে বিল্ডিংটিতে সীসার পেইন্ট আছে)।



আইন সম্বন্ধে আপনার যা জানা উচিত

ভাড়াটে হিসাবে আপনার অধিকার এবং দায়িত্ব সম্বন্ধে জানাটা গুরুত্বপূর্ণ।

বাড়িওয়ালাদের আবশ্যিকভাবে:

- জানতে হবে বিল্ডিংয়ে 6 বছরের কম বয়সী কোন শিশু বসবাস করছে কিনা। তাদের আবশ্যিকভাবে প্রতি বছর সীসা পেইন্টের বিপত্তির জন্য ওই অ্যাপার্টমেন্টগুলি নিরীক্ষণ করতে হবে।
- এক এবং দুই-পরিবার বসবাস করতে পারে এমন পৃথক অ্যাপার্টমেন্ট সমেত সমস্ত ভাড়ার ইউনিটগুলিতে, কোন নতুন ভাড়াতে আসার আগে সীসার পেইন্টের বিপত্তি মেরামত করতে হবে।
- সীসার পেইন্টের বিপদ মেরামত করার সময় এবং সীসার পেইন্টকে নষ্ট করে এমন সাধারণ মেরামতি করার সময় সুরক্ষিতভাবে কাজ করাতে হবে এবং প্রশিক্ষিত কর্মচারীদের কাজে লাগাতে হবে।
- 100 বর্গফুটের থেকে বেশি এলাকা বিপর্যস্ত হলে, জানলা প্রতিস্থাপনের সময় অথবা নিউ ইয়র্ক শহরের আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ (Housing Preservation and Development, HPD) দ্বারা জারি করা লঙ্ঘন সংক্রান্ত সমস্যার সমাধানের সময় ইউনাইটেড স্টেটস এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (Environmental Protection Agency, EPA) দ্বারা শংসায়িত প্রতিষ্ঠানগুলিকে ব্যবহার করতে হবে।

ভাড়াটেকদের আবশ্যিকভাবে:

- তাদের বাড়িওয়ালাদের থেকে পাওয়া বার্ষিক বিজ্ঞপ্তি পূরণ করে ফেরত দিতে হবে। এই ফর্মটি বাড়িওয়ালাকে জানায় যে বিল্ডিংয়ে 6 বছরের কম বয়সী কোন শিশু বসবাস করছে কিনা।
- যদি ভাড়াটের কোন ছোট শিশু থাকে বা 6 বছরের কম বয়সী শিশু অ্যাপার্টমেন্টে বসবাস করে তাহলে লিখিতভাবে বিজ্ঞপ্তি দিয়ে বাড়িওয়ালাকে জানাতে হবে।

নিরাপদভাবে কাজ করার মধ্যে পড়ে:



কাজের এলাকার বাইরে সতর্কতার চিহ্ন পোস্ট করা।



সমস্ত আসবাবপত্র সরানো অথবা ঢেকে দেওয়া এবং মেঝে, দরজা ও অন্যান্য খোলা স্থানগুলি প্লাস্টিক ও পানি/জলনিরোধক টেপ দিয়ে ঘিরে দেওয়া।



প্রত্যহ কাজের এলাকা হয় ভিজা ঝাড়ু দিয়ে অথবা কোন HEPA ভ্যাকুয়াম দিয়ে পরিষ্কার করা এবং মেরামতির কাজ সম্পূর্ণ হওয়ার পরে ভিজা ঝাড়ু ও HEPA ভ্যাকুয়াম দুটি দিয়েই পরিষ্কার করা।



কাজ সম্পূর্ণ হলে সীসার ধুলোর স্তর নিরাপদ আছে কিনা নিশ্চিত করার জন্য কোন প্রশিক্ষিত ব্যক্তিকে দিয়ে ধূলা মুছে পরিষ্কার করতে হবে এবং ফলাফলের একটি কপি ভাড়াটেকে দিতে হবে।

বাড়িওয়ালার এবং ঠিকাদারের কখনই শুনানোভাবে ঘষে অথবা বালিকাগজ দিয়ে শুনানো ঘষে সীসামিশ্রিত পেইন্ট তোলা উচিত নয়।



সীসার পেইন্ট থেকে শিশুদের রক্ষা করার জন্য আপনি কী করতে পারেন

- আপনার অ্যাপার্টমেন্টে খসে পড়া পেইন্টের ব্যাপারে আপনার বাড়িওয়ালাকে জানান।
- যদি আপনার বাড়িওয়ালার সেই খসে পড়া পেইন্টের সমস্যার সমাধান না করেন বা যদি আপনি মনে করেন যে মেরামতির কাজ অসুরক্ষিতভাবে করা হচ্ছে তাহলে 311 নম্বরে ফোন করুন।
- মেঝে, জানলার ধার, হাত, খেলনা এবং চুষিকার্টি বার বার ধুতে হবে।
- 1 এবং 2 বছর বয়সে আপনার বাচ্চার সীসার বিষক্রিয়া হয়েছে কিনা তা পরীক্ষা করার বিষয়টি আপনার ডাক্তারকে মনে করান। বড় বাচ্চাদের পরীক্ষার ব্যাপারে ডাক্তারকে জিজ্ঞাসা করুন।





আপনি সীসার বিষক্রিয়া রোধ করার ক্ষেত্রে সাহায্য করতে পারেন

311-তে ফোন করুন:

- অসুরক্ষিতভাবে কাজকর্ম করা হলে তা রিপোর্ট করুন।
- কীভাবে সীসার বিষক্রিয়া রোধ করবেন সেই সম্পর্কে আরো জানুন।
- সীসার বিষক্রিয়ার জন্য আপনার শিশুকে কোথায় পরীক্ষা করানো যাবে এবং চিকিৎসা করানো যাবে সেটি জেনে নিন।
- এই প্রচারপত্র বা স্থানীয় আইন 1 এবং সীসা বিষক্রিয়া প্রতিরোধের ওপর অন্য উপকরণের আরো কপিও অর্ডার দিন।

একাধিক বসতবাড়ির মালিকদের (তিন বা তার বেশি অ্যাপার্টমেন্ট) আবশ্যিকভাবে এই প্রচারপত্র ভাড়াটীদের দিতে হবে যখন তারা এমন কোন অ্যাপার্টমেন্ট লীজের জন্য স্বাক্ষর করবে অথবা কোনো অ্যাপার্টমেন্ট স্থানান্তরিত হবে যে বিল্ডিং 1960 সালের আগে তৈরি হয়েছে (অথবা 1960 থেকে 1978 সালের মধ্যে তৈরি হয়ে থাকে যদি মালিক জানে যে বিল্ডিংটিতে সীসার পেইন্ট আছে)। এই প্রচারপত্রটিতে 2004 সালের স্থানীয় আইন 1 সম্পর্কে প্রাথমিক তথ্য আছে এবং শুধুমাত্র আপনার সুবিধার জন্য প্রদান করা হয়। আইন এবং প্রযোজ্য নিয়মগুলির প্রতিলিপির জন্য, দেখুন nyc.gov/hpd।

সীসার বিষক্রিয়া সম্বন্ধে আরো তথ্যের জন্য, দেখুন
nyc.gov/leadfree।